রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

ঋওঅবি-২ সার্কুলার লেটার নং-০১/২০১৯ | তারিখ : ১৫.০১.২০১৯

বিষয় : আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গ্রুপভিত্তিক ঋণের জামানত/নিশ্চয়তা প্রসংগে।

আর্থিক সেবাবঞ্চিত তৃণমূল জনগোষ্ঠীকে প্রাতিষ্ঠানিক আর্থিক সেবাভুক্তির আওতায় নিয়ে আসার লক্ষ্যে ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষকসহ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের আয় উৎসারী কর্মকান্ডকে বিস্তৃত করা এবং ১০ টাকার হিসাবগুলো সচল রাখার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ডকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঋণ ও অগ্রিম বিভাগ-২ হতে গত ২০.১১.২০১৪ তারিখে এতদসংক্রান্ত ঋণ নীতিমালা বিষয়ক পরিপত্র নং-০৪/২০১৪ জারী করা হয়।

০২। এ সার্কুলারের ৭.০৬ নম্বর অনুচ্ছেদে ঋণের জামানত/নিশ্চয়তা গ্রহণ বিষয়ে নিম্নরূপ নির্দেশনা রয়েছে :

> "এ স্কীমের আওতায় ঋণ গ্রহণের ক্ষেত্রে কোন নিরাপত্তা জামানত নেয়া যাবে না। তবে, প্রত্যেক ঋণগ্রহিতার ঋণের বিপরীতে স্থানীয় পর্যায়ে একজন প্রাপ্তবয়স্ক বাংলাদেশী নাগরিকের নিকট হতে ব্যক্তিগত নিশ্চয়তা (Personal Guarantee) গ্রহণ করতে হবে। ব্যাংক-ক্ষুদ্র ঋণ সংস্থা লিংকেজ ঋণের ক্ষেত্রে ক্ষুদ্র ঋণ সংস্থা তাদের প্রচলিত নিয়মে ব্যক্তিগত নিশ্চয়তার বিষয়টি নিশ্চিত করবে।"

০৩। আবার গ্রুপভিত্তিক ঋণের ক্ষেত্রে সূত্রোক্ত সার্কুলারের ৮.০৮ নম্বর অনুচ্ছেদে নিম্নোক্ত জামানত/নিশ্চয়তা গ্রহণের বিধান রাখা হয়েছে :

(ক) গ্রুপ সদস্যদের প্রত্যেককে পৃথকভাবে আবেদন করতে হবে;
(খ) ঋণ গ্রহণের বিষয়ে গ্রুপ সভায় গৃহিত সিদ্ধান্তের কপি;
(গ) গ্রুপ নেতার সুপারিশপত্র;
(ঘ) গ্রুপ নেতার ব্যক্তিগত গ্যারান্টিপত্র (Personal Guarantee) [গ্রুপ নেতার ঋণের ক্ষেত্রে গ্রুপের কোষাধ্যক্ষ Personal Guarantee প্রদান করবেন];
(ঙ) গ্রুপের প্রতিটি সদস্যের সম্মিলিত গ্যারান্টিপত্র [Group Guarantee];
(চ) ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তির নিকট থেকে ব্যক্তিগত গ্যারান্টিপত্র [Personal Guarantee] গ্রহণ করতে হবে ; এবং
(ছ) গ্রুপ ঋণের ক্ষেত্রে ঋণের সকল সদস্যকে একক ও যৌথভাবে ব্যাংকের নিকট/ক্ষুদ্র ঋণ সংস্থার নিকট দায়বদ্ধ থাকার প্রত্যয়নপত্র।

০৪। রাকাব, প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সার্কুলার লেটার নং-০৭/২০১২ তারিখ ১৫.১১.২০১২ মোতাবেক প্রতিটি নিশ্চয়তাপত্র (Guarantee) ২০০/- (দুইশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করতে হবে যা সম্প্রতি বৃদ্ধি পেয়ে ৩০০/- (তিনশত) টাকা হয়েছে। সে প্রেক্ষিতে গ্রুপভিত্তিক ঋণের ক্ষেত্রে উপরে (ঘ), (ঙ) ও (চ) অনুচ্ছেদে বর্ণিত তিন প্রকার গ্যারান্টিপত্র প্রদানের জন্য একজন ঋণগ্রহিতাকে ডিপি নোটে প্রদত্ত ৫০/- (পঞ্চাশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প ছাড়াও (৩X৩০০)= ৯০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ক্রয়ের প্রয়োজন হয়। ৯০০/- (নয়শত) টাকা খরচ করে এ ধরণের দলিল দস্তাবেজ সম্পাদন করা একজন নিম্ন আয়ের ঋণগ্রহিতার জন্য আর্থিক চাপ সৃষ্টি করছে যা আলোচ্য ঋণ নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

চলমান পাতা-২

০৫। ১০/- টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গ্রুপভিত্তিক জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, ঢাকা হতে ১৭.১১.২০১৬ তারিখে জারীকৃত এফআইডি ১০২/২(১৭)২০১৬-৩০৫১ নম্বর পত্রে নন-জুডিশিয়াল স্ট্যাম্প না নেওয়ার নির্দেশনা আছে যা এ ব্যাংকের ঋণ ও অগ্রিম বিভাগ-২ হতে গত ০১.১২.২০১৬ তারিখের প্রকা/ঋওঅবি-২/১১৩/২০১৬-২০১৭/১২০ নম্বর পত্রের মাধ্যমে মাঠ পর্যায়ে জারী করা হয়েছে।

০৬। উপরোক্ত সমস্যা নিরসনকল্পে গত ০১.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত Senior Management Team (SMT) এর ১৫তম সভায় সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে SMT কর্তৃক ঋণটি সহজীকরণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য গত ২৬.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৮৮তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক আলোচ্য সার্কুলারের ৮.০৮ অনুচ্ছেদটি সহজীকরণের প্রস্তাব অনুমোদিত হয়।

০৭। এমতাবস্থায় পরিচালনা পর্ষদের অনুমোদন মোতাবেক ১০ টাকার হিসাবধারীদের গ্রুপভিত্তিক ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর ২০.১১.২০১৪ তারিখের এতদসংক্রান্ত সার্কুলার নং-০৪/২০১৪ এর ৮.০৮ নম্বর অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো :

(ক) গ্রুপ সদস্যদের প্রত্যেককে পৃথকভাবে আবেদন করতে হবে।

(খ) ঋণ গ্রহণের বিষয়ে গ্রুপ সভায় গৃহিত সিদ্ধান্তের কপি নিতে হবে।

(গ) গ্রুপ নেতার সুপারিশপত্র নিতে হবে।

(ঘ) প্রতি সদস্যের ঋণের ক্ষেত্রে পৃথকভাবে গ্রুপ নেতার নিকট হতে এবং গ্রুপ নেতার ঋণের ক্ষেত্রে গ্রুপের সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ এর নিকট হতে ঋণ পরিশোধের জন্য সংযুক্ত 'চ' ছকে সাদা কাগজে নিশ্চয়তাপত্র/অঙ্গিকারপত্র গ্রহণ করতে হবে।

(ঙ) গ্রুপের প্রতিটি সদস্যের নিকট হতে সম্মিলিত সংযুক্ত 'ছ' ছকে সাদা কাগজে নিশ্চয়তাপত্র/অঙ্গিকারপত্র নিতে হবে।

(চ) গ্রুপের সকল সদস্যের ঋণের জন্য ব্যাংকের কাছে গ্রহণযোগ্য কোন ব্যক্তির নিকট হতে সংযুক্ত 'জ' ছকে সাদা কাগজে ব্যক্তিগত নিশ্চয়তাপত্র/অঙ্গিকারপত্র নিতে হবে।

উপরোক্তভাবে গ্রুপের একজনকে ঋণ নিতে শুধুমাত্র ডিপি নোটের ৫০/- টাকার স্ট্যাম্প প্রয়োজন হবে।

০৮। উপরোক্ত বিষয় ব্যতীত উল্লিখিত সার্কুলারের অন্যান্য বিষয়াদি ও শর্তাদি অপরিবর্তিত থাকবে। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

১৫/০১/১৯

(মোঃ আমিনুল হক)
উপ- মহাব্যবস্থাপক
(অতিরিক্ত দায়িত্ব)

সংযুক্তি : তিন

চলমান পাতা-৩

প্রকা/ঋওঅবি-২/১১৩/২০১৮-২০১৯/২৯৯(৪৫১) তারিখ : ১৫.০১.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/ইউনিট ও সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি/মহানথি।

১৫.০১.২০১৯
(শামীমা ফেরদৌস শিমুল)
সহকারী মহাব্যবস্থাপক

সংযোজনী- 'চ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

গ্রুপ নেতার গ্যারান্টিপত্র (Group Leader's Guarantee)

আমি নিম্নস্বাক্ষরকারীগণ রাজশাহী কৃষি উন্নয়ন (রাকাব)-এর আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় রাকাব, ... শাখার অধীন গঠিত .... দলের দলনেতা। আমি উক্ত শাখার কার্যএলাকার আওতাধীন গ্রাম......................................., ডাকঘর................................., ইউনিয়ন.., উপজেলা................................., জেলা................................. এর স্থায়ী বাসিন্দা। আমি পৃথকভাবে অঙ্গীকার করছি যে, আমাদের দলের সদস্য/দলনেতা/কোষাধ্যক্ষ জনাব.. কর্তৃক রাকাব.. শাখা হতে ঋণ হিসেবে গৃহিত টাঃ............................ (টাকা...) মাত্র ঋণ গ্রহণের তারিখ থেকে বার্ষিক.........% সুদসহ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করবে। জনাব.. ঋণের অর্থ যথাসময়ে পরিশোধ না করলে বা পরিশোধ করতে অপারগ হলে আমি নিম্নস্বাক্ষরকারী তার নিকট ব্যাংকের পাওনা বাবদ সমুদয় অর্থ সুদসহ পরিশোধ করতে বাধ্য থাকবো। অন্যথায় আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। এতদবিষয়ে আমার কোনরূপ ওজর আপত্তি আদালতে গ্রহণযোগ্য হবে না।

১। স্বাক্ষর...

নাম...

দলনেতা .... দল

ইউনিয়ন.............................উপজেলা.........................

জেলা...

স্বাক্ষীগণ ঃ

১। স্বাক্ষর...

নাম...

ঠিকানা...

২। স্বাক্ষর...

নাম...

ঠিকানা...

সংযোজনী- 'ছ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

যৌথ অঙ্গীকারনামা/গ্যারান্টি

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ রাজশাহী কৃষি উন্নয়ন (রাকাব)-এর আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায়.. দলের সদস্য। আমরা, রাকাব............................ শাখার কার্যএলাকার আওতাধীন গ্রাম.........................., ডাকঘর.........................., ইউনিয়ন................................, উপজেলা...................., জেলা................. এর স্থায়ী অধিবাসী। আমরা, যৌথ ও পৃথকভাবে অঙ্গীকার করছি যে, আমাদের দলের দলনেতা/কোষাধ্যক্ষ/সদস্য জনাব.. রাকাব.................................. শাখা হতে ঋণ হিসেবে গৃহিত ....টাকা (কথায়.. মাত্র) ঋণ গ্রহণের তারিখ থেকে বার্ষিক.....% সুদসহ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করবে। জনাব.. ঋণের অর্থ যথাসময়ে পরিশোধ না করলে বা পরিশোধ করতে অপরাগ হলে আমরা নিম্নস্বাক্ষরকারীগণ তার নিকট ব্যাংকের পাওনা বাবদ সুদসহ সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবো। অন্যথায়, আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। এতদবিষয়ে আমাদের কোনরূপ ওজর আপত্তি কোন আদালতে গ্রহণযোগ্য হবে না।

দলের সদস্যগণের (নাম ও স্বাক্ষর)

ক্র ঃ নং	নাম	স্বাক্ষর
০১.		
০২.		
০৩.		
০৪.		
০৫.		
০৬.		
০৭.		
০৮.		
০৯.		

স্বাক্ষীগণ :

১। স্বাক্ষর..

নাম..

ঠিকানা..

২। স্বাক্ষর..

নাম..

ঠিকানা...

সংযোজনী- 'জ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

ব্যক্তিগত গ্যারান্টি (Personal Guarantee)

আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব), ... শাখার কার্যএলাকার আওতাধীন গ্রাম.........................,ডাকঘর........................,ইউনিয়ন..........................., উপজেলা..........................., জেলা............................ এর স্থায়ী বাসিন্দা। আমি এই মর্মে ব্যক্তিগত গ্যারান্টি (Personal Guarantee) প্রদান করছি যে, 'আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবি এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম' এর আওতায় রাকাব ....জোনের অধীন .... শাখা হতে জনাব... কর্তৃক ঋণ হিসেবে গৃহিত টা:............................... (টাকা...) মাত্র ঋণ গ্রহণের তারিখ থেকে বার্ষিক.........% সুদসহ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করবে। জনাব.. ঋণের অর্থ যথাসময়ে পরিশোধ না করলে বা পরিশোধ করতে অপারগ হলে আমি নিম্নস্বাক্ষরকারী তার নিকট ব্যাংকের পাওনা বাবদ সমুদয় অর্থ সুদসহ পরিশোধ করতে বাধ্য থাকবো। অন্যথায় আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। এতদবিষয়ে আমার কোনরূপ ওজর আপত্তি আদালতে গ্রহণযোগ্য হবে না।

স্বাক্ষর..

নাম..

পিতার নাম...

মাতার নাম..

গ্রাম/মহল্লা ....

ইউনিয়ন/ওয়ার্ড...

উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশন...

জেলা...

ল্যান্ড/সেল ফোন নম্বর..

স্বাক্ষীগণ :

১। স্বাক্ষর..

নাম...

পিতার নাম...

মাতার নাম..

ঠিকানা...

২। স্বাক্ষর..